সব ধর্মের মানুষের সমান অধিকার নিশ্চিতের আহ্বান রাষ্ট্রপতির



রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

তরুণ প্রজন্মকে সত্য, ন্যায় ও মানবিকতার পক্ষে সোচ্চার থাকার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

বুধবার (২১ অক্টোবর) বঙ্গভবনে শারদীয় দুর্গাপূজা ও বিজয়া দশমী উপলক্ষে আয়োজিত শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান।

রাষ্ট্রপতি বলেন, গুজব, অপপ্রচার ও ধর্মীয় উগ্রতার মাধ্যমে বিভেদ সৃষ্টির চেষ্টা মোকাবিলা করতে হবে। ধর্ম-বর্ণ নির্বিশেষে সবার সমান অধিকার, নিরাপত্তা ও ন্যায়বিচার নিশ্চিতের ওপরও গুরুত্ব দেন তিনি।

তিনি আরও বলেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। হাজার বছর ধরে এ ভূখণ্ডে বিভিন্ন ধর্মের মানুষ পারস্পরিক শ্রদ্ধা ও ভ্রাতৃত্বের বন্ধনে বসবাস করে আসছে। এ সম্প্রীতি অক্ষুন্ন রেখে সবাইকে মিলে একটি নিরাপদ, গণতান্ত্রিক ও মানবিক বাংলাদেশ গড়ে তুলতে হবে।

সব ধর্মের মানুষের সমান নাগরিক সুবিধা নিশ্চিত করতে একটি জাতীয় কমিটি গঠনের আহ্বান জানিয়ে রাষ্ট্রপতি বলেন, ধর্ম যার যার, রাষ্ট্র সবার।